

বাংলাদেশ পর্যটন করপোরেশন

বিপণন ও জনসংযোগ বিভাগ

৮৩-৮৮, বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক আগামী ১৭মার্চ ২০২০ – ১৭মার্চ ২০২১ সময়কালে জাতীয়ভাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকাইদ্যাপন উপলক্ষে বাপক কর্তৃক গৃহীত কর্মসূচীবাস্তাবায়নে অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব রাম চন্দ্র দাস, চেয়ারম্যান, বাপক, ঢাকা।

সভার স্থান : বাপক সম্মেলন কক্ষ

তারিখ : ২৫/১১/২০১৯ খ্রি:

সময় : বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং মুজিব বর্ষ পালনের গুরুত্ব তুলে ধরেন। তারপর সভাপতির অনুমোদনক্রমে জনাব মো: জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক(বিউজস) সভায় বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিক উদযাপন উপলক্ষে সভার এজেন্টা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের কার্যবিবরণীউপস্থাপনা করেন। সভায় পরিচালক(পরিকল্পনা) মহোদয় বাপক এর উদ্যোগে মুজিব বর্ষ পালনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের কাছে বরাদ্দ প্রাপ্তির বিষয়টি ব্যাখ্যা করেন। সভার সভাপতি বাজেট প্রাপ্তির জন্য সংশোধিত পত্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া সভাপতি তাঁর আলোচনায় মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীকে গণভবনে ১০০ পাউন্ড কেক উপহার প্রদান করার জন্য ইতোপূর্বে যে কমিটি গঠিত করা হয়েছিল সেই কমিটি কেক এর উপর লিখন, ডিজাইন(বঙ্গবন্ধুর ছবিসহ) ইত্যাদি বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ করে যাবতীয় প্রোটোকল নির্ধারণ করবেন। সভায় বাংলা চ্যানেলে সুইমিং প্রতিযোগিতায় গঠিত কমিটির কার্যক্রম এবং মুজিব বর্ষ উপলক্ষে ব্যবস্থাপক(ভ্রমণ ও রেন্ট-এ-কার) প্যাকেজ ট্যুরের যথাযথ আয়োজন করবেন মর্মে আলোচনা হয়। বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেনু গবেষণা, তৈরি ও প্রচারের জন্য গঠিত কমিটি মন্ত্রণালয়ে পত্রের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করার জন্য সদয় নির্দেশনা প্রদান করেন। উপরোক্ত কার্যক্রম সমূহ কমিটি আগামী ১০/১২/২০১৯ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা তৈরি করে বাপক কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) মুজিব বর্ষ পালন উপলক্ষে বাপক এর কর্মপরিকল্পনা বাস্তাবায়নের জন্য ইতোমধ্যে গঠিত কমিটি সমূহ নিজেদের মধ্যে সভা করে আগামী ১০ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে প্রয়োজনীয় কর্মসূচী প্রনয়ন করে কার্যক্রম গ্রহণ করবে।
- (খ) মুজিব বর্ষ পালন উপলক্ষে বাপক এর কর্মপরিকল্পনার অংশ মাননীয় প্রধানমন্ত্রীকে গণভবনে ১০০ পাউন্ড কেক উপহার প্রদানের জন্য নির্ধারিত কমিটি কেক এর ডিজাইন, কেক তৈরী, প্রয়োজনীয় ইনস্ট্রুমেন্ট সংগ্রহ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের কেক প্রেরণ ও গ্রহণের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পর্ক করতে হবে। এতদবিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের সম্মতি গ্রহণের অনুরোধ জানিয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে দুটি পত্র প্রেরণ করতে হবে।
- (গ) বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেনু গবেষণা ও প্রণয়নের জন্য গঠিত কমিটি সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৪। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

রাম চন্দ্র দাস

চেয়ারম্যান

নথি নং-৩০.৩২.০০০০.০৫১.১৬.০০৫.১৯/তারিখ : ২৭/১১/২০১৯ / ৪২

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য :

১। পরিচালক(অর্থ ও প্রশাসন/পরি: বাণি:) মহোদয়, বাপক, ঢাকা।

২। মহাব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।

৩। পিএস টু চেয়ারম্যান মহোদয়, বাপক, ঢাকা-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। কমিটির সদস্যবৃন্দ ত্রুটি: (ক্লেইন্ট), বাপক, ঢাকা।

৫। ব্যবস্থাপক(আইটি), বাপক, ঢাকা-সভার কার্যবিবরণী এবং বাপক এর কর্মপরিকল্পনা ওয়েব সাইট-এ অফলাইন করার অনুরোধসহ।

২৫/১১/২০১৯

(মো: জিয়াউল হক হাওলাদার)

ব্যবস্থাপক (বিউজস)